



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(১২) 15/12

তারিখ : ২৮ এপ্রিল, ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ নিম্নোক্ত পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

দপ্তর/বিভাগ	পদের নাম	সংখ্যা	বেতন স্কেল
প্রকৌশল দপ্তর	নির্বাহী প্রকৌশলী (সিভিল)	০১	৩৫,৫০০-৬৭০১০/(গ্রেড-৬)
সামাজিক বিজ্ঞান ভবন	প্রাধ্যাপ	০১	৯০০০-২১৮০০/(গ্রেড-১৭)
	সহকারী ইলেকট্রিশিয়ান	০১	৮৮০০-২১৩১০/(গ্রেড-১৮)
সেন্টার অব এন্ট্রিলেপ ভবন	সহকারী ইলেকট্রিশিয়ান	০১	৮৮০০-২১৩১০/(গ্রেড-১৮)

যোগ্যতা ও অভিজ্ঞতা

নির্বাহী প্রকৌশলী (সিভিল)

প্রার্থীর সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি/ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ থেকে এ.এম.আই.ই. পরীক্ষায় সেকশন 'এ' ও 'বি' পাশসহ কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী পদে (জাতীয় বেতন স্কেলের ৯নং গ্রেডভুক্ত) ন্যূনতম ০৫(পাঁচ) বছরের চাকরীর অভিজ্ঞতা থাকতে হবে। অথবা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংএ কমপক্ষে ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমাসহ কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী পদে (জাতীয় বেতন স্কেলের ৯নং গ্রেডভুক্ত) ন্যূনতম ০৯(নয়) বছরের চাকরীর অভিজ্ঞতাসহ মোট ১৩ (তের) বছরের চাকরীর অভিজ্ঞতা থাকতে হবে।

শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৩৭ (সাঁইত্রিশ) বছর।

প্রাধ্যাপ :

ক) এসএসসি/সমমান পাসসহ সংশ্লিষ্ট ট্রেড কোর্স ০৬(ছয়) মাস মেয়াদী থাকতে হবে।

খ) শিক্ষাজীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।

গ) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর।

সহকারী ইলেকট্রিশিয়ান

এসএসসি/সমমান পাসসহ ট্রেড সার্টিফিকেট অথবা ৮ম শ্রেণী পাস ট্রেড সার্টিফিকেটসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৩(তিন) বছরের অভিজ্ঞতা।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর।

জমাদানের শেষ তারিখ


নির্বাহী প্রকৌশলী (সিভিল) : ১০ জুন, ২০২৪

প্রাধ্যাপ ও সহকারী ইলেকট্রিশিয়ান : ১৯ মে, ২০২৪

আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর নির্বাহী প্রকৌশলী পদের জন্য ৬০০/(ছয়শত) টাকা এবং প্রাধ্যাপ ও সহকারী ইলেকট্রিশিয়ান পদের জন্য ১০০/(একশত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.sust.edu](http://www.sust.edu)) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ/বিবেচনা করা হবে না।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

  
২৫/৪/২৪

মো. ফজলুর রহমান

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

